

৪২ তম বিসিএস প্রিলিমিনারি প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ০১: What is the correct indirect form of : He said, “You had better see a doctor”

- (a) He advised him to see a doctor
- (b) He advised that he should see a doctor
- (c) He suggested that he had seen a doctor
- (d) He proposed to see a doctor

উত্তর: (a) He advised him to see a doctor

ব্যাখ্যা: He said, “You had better see a doctor” বাক্যটি দ্বারা উপদেশ বুঝিয়েছে। Reported Speech টি Imperative Sentence. Imperative Sentence কে Indirect Narration করার নিয়ম নিম্নরূপ: Reporting Verbটি অনুরোধ বুঝালে request, আদেশ বুঝালে order/command, উপদেশ বুঝালে advise, অন্যথায় tell দ্বারা পরিবর্তিত হয়। object (যদি থাকে) + Inverted Comma উঠে গিয়ে to বসে + Reported speech- এর মূল verb থেকে শেষ পর্যন্ত বসে।

প্রশ্ন ০২: Identify the word that remains same in plural form:

- (a) deer
- (b) horse
- (c) elephant
- (d) tiger

উত্তর: (a) deer

ব্যাখ্যা: Canon, corps, deer, dozen, hundred, public, score, series, sheep, species, swine, thousand ইত্যাদি word -এর plural form হয় না। dozen, hundred, score, thousand এদের পূর্বে some, many থাকলে অথবা এদের পরে of থাকলে s যুক্ত হয়ে plural হয়ে থাকে।

প্রশ্ন ০৩: সঠিক বানান নয় কোনটি?

(a) ধরণি

(b) মূর্ছা

(c) গুণ

(d) প্রানী

উত্তর: (d) প্রানী

ব্যাখ্যা: এখানে সঠিক বানান নয় এমন শব্দ 'প্রানী'; যার সঠিক বানান প্রাণী। অপর তিনটি শব্দের বানান সঠিক। সঠিক শব্দগুলো হলো- ধরণি, মূর্ছা, গুণ।

প্রশ্ন ০৪: যদি ICE : COLDNESS হয়, তবে EARTH:?

(a) weight

(b) jungle

(c) sea

(d) Gravity

উত্তর: (d) Gravity

ব্যখ্যা: As effect of ICE is Coldness, Similarly the effect of Earth is gravitation.d

প্রশ্ন০৫ : নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত 'সোমপুর বিহার' এর প্রতিষ্ঠাতা কে?

(a) গোপাল

(b) ধর্মপাল

(c) মহীপাল

(d) বিগ্রহপাল

উত্তর: (b) ধর্মপাল

ব্যখ্যা: নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত সোমপুর বিহার বা সোমপুর মহাবিহার। বর্তমানে এটি ধ্বংসপ্রাপ্ত একটি প্রাচীন বৌদ্ধ বিহার। পালবংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব (৭৮১-৮২১) অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে এই বিহারটি তৈরি করছিলেন।

প্রশ্ন০৬: IUCN এর কাজ হলো বিশ্বব্যাপী-

(a) পানি সম্পদ রক্ষা করা

(b) সন্ত্রাস দমন করা

(c) প্রাকৃতিক সম্পদ রক্ষা করা

(d) পরিবেশ দূষণ রোধ করা

উত্তর: (c) প্রাকৃতিক সম্পদ রক্ষা করা

ব্যখ্যা: IUCN (International Union for Conservation of Nature) হলো বিশ্বব্যাপী প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে বেসরকারি সংস্থা। এটি ১৯৪৮ সালে ফ্রান্সে গঠিত হয়। এর সদর দপ্তর গ্ল্যাভ, সুইজারল্যান্ড।

প্রশ্ন০৭: কোন চুক্তির মাধ্যমে ইউরোপের “Thirty years’ war” এর সমাপ্তি ঘটে?

(a) ভাসাই চুক্তি, ১৯১৯

(b) ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮

(c) প্যারিস চুক্তি, ১৭৮৩

(d) লুজান চুক্তি, ১৯২৩

উত্তর: (b) ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮

ব্যখ্যা: ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮ হলো ইউরোপে শান্তি প্রতিষ্ঠার জন্য স্বাক্ষরিত চুক্তির সমষ্টি। ষোড়শ শতকের রিফরমেশনের প্রভাবে সপ্তদশ শতকে ইউরোপের বিভিন্ন দেশ ধর্মযুদ্ধে জড়িয়ে পড়ে। এই যুদ্ধ ১৬১৮ থেকে ১৬৪৮ সাল পর্যন্ত স্থায়ী হয়। ১৬৪৮ সালে ওয়েস্টফেলিয়া চুক্তির মাধ্যমে Thirty Years এর ধর্মযুদ্ধ শেষ হয়।

প্রশ্ন ০৮: $P(A)=13;P(B)=23;A$

(a) 34

(b) 23

(c) 13

(d) 14

উত্তর: (b) 23

ব্যখ্যা:

প্রশ্ন ০৯: Which word is correct?

(a) Furnitures

(b) Informations

(c) Sceneries

(d) Proceeds

উত্তর: (d) Proceeds

ব্যখ্যা: কিছু Noun শব্দ রয়েছে যেগুলো সর্বদাই singular হিসেবে ব্যবহৃত হয়, যেমন- abuse, advice, alphabet, bread, furniture, information, knowledge, poetry, issue / off spring, scenery ইত্যাদি। proceeds (noun) অর্থাৎ বিক্রয়লব্ধ অর্থ বা লাভ।

প্রশ্ন ১০: মার্কিন-তালেবান ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়-

(a) ২ মার্চ ২০২০

(b) ২৫ জানুয়ারি ২০২০

(c) ৩০ এপ্রিল ২০২০

(d) ২৯ ফেব্রুয়ারি ২০২০

উত্তর: (d) ২৯ ফেব্রুয়ারি ২০২০

ব্যাখ্যা: ২৯ ফেব্রুয়ারি, ২০২০ কাতারের রাজধানী দোহায় মার্কিন-তালেবান ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়। এর ফলে দীর্ঘ ১৯ বছর ধরে চলা যুদ্ধের অবসান ঘটবে বলে আশা করা যাচ্ছে। যদিও নতুন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন চুক্তিটি পর্যালোচনা করছেন। চুক্তি অনুসারে প্রথম ৮ মাসের মধ্যে ৫০০০ হাজার মার্কিন সৈন্য প্রত্যাহার করা হবে। পরবর্তীতে সব সৈন্য আফগানিস্তান থেকে প্রত্যাহার করা হবে। চুক্তিতে যুক্তরাষ্ট্রের পক্ষে স্বাক্ষর করেন জালমে খলিলজাদ এবং তালেবান দের পক্ষে স্বাক্ষর করে মোল্লা আব্দুল বেরাদার গনি।

প্রশ্ন ১১: $5+8+11+14+ \dots$ ধারাটির কত তম পদ 302।

(a) 60 তম পদ

(b) 70 তম পদ

(c) 90 তম পদ

(d) 100 তম পদ

উত্তর: (d) 100 তম পদ

ব্যাখ্যা:

প্রশ্ন ১২: ৩০ কি.মি. পথ পাড়ি দিতে জয়নুলের রনির থেকে ২ ঘণ্টা সময় বেশি লেগেছে। জয়নুল যদি তার গতি দ্বিগুণ করত তাহলে রনির থেকে ১ ঘণ্টা সময় কম লাগত। জয়নুলের গতি কত ছিল?

(a) ৪ কি.মি./ঘণ্টা

(b) ৫ কি.মি./ঘণ্টা

(c) ৬ কি.মি./ঘণ্টা

(d) ৭.৫ কি.মি./ঘণ্টা

উত্তর: (b) ৫ কি.মি./ঘণ্টা

ব্যখ্যা:

প্রশ্ন ১৩: বঙ্গালি উপভাষা অঞ্চল কোনটি?

(a) নদীয়া

(b) ত্রিপুরা

(c) পুরুলিয়া

(d) বরিশাল

উত্তর: (d) বরিশাল

ব্যখ্যা: বাংলা ভাষার উপভাষাকে প্রধানত পাঁচ ভাগে ভাগ করা হয়। ১. রাঢ়ি (পশ্চিম ও মধ্যবঙ্গ)। ২. ঝাড়খন্ডি (দক্ষিণ পশ্চিমবঙ্গ, সিংভূম, মানভূম, পুরুলিয়া অঞ্চল)। ৩. বরেন্দ্রি (উত্তর বঙ্গ)। ৪. বঙ্গালি (পূর্ব ও দক্ষিণ পূর্ববঙ্গ, ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, বরিশাল)। ৫. কামরূপি (উত্তর পূর্ববঙ্গ, কোচবিহার, কাছাড়া)।

প্রশ্ন ১৪: “D-8 Organization for Economic Cooperation” বা D-8 এর দশম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?

(a) আবুজা

(b) ঢাকা

(c) তেহরান

(d) ইস্তাম্বুল

উত্তর: (b) ঢাকা

ব্যাখ্যা: ডি-৮ (Developing Eight) মুসলিম উন্নয়নশীল দেশের অর্থনৈতিক জোট। ডি-৮ প্রতিষ্ঠিত হয় ১৯৯৭ সালে। ১০ম ডি-৮ সম্মেলন বাংলাদেশের আয়োজনে ঢাকাতে ভারুয়ালি অনুষ্ঠিত হয়। এর সদর দপ্তর ইস্তাম্বুল এবং সদস্য দেশ- বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, নাইজেরিয়া, ইরান, তুরস্ক, মিশর, ইন্দোনেশিয়া।

প্রশ্ন ১৫: To doctor an animal means:

(a) to treat it

(b) to sterilize it

(c) to poison it

(d) to cure it

উত্তর: (b) to sterilize it

ব্যাখ্যা: কোনো কিছু জীবাণুমুক্ত করতে To doctor an animal ব্যবহারিত হয়।

প্রশ্ন ১৬: সবুজপত্র পত্রিকাটির সম্পাদক কে?

(a) রবীন্দ্রনাথ ঠাকুর

(b) শেখ ফজলুল করিম

(c) প্রমথ চৌধুরী

(d) মোহাম্মদ নাসির উদ্দিন

উত্তর: (c) প্রমথ চৌধুরী

ব্যাখ্যা: বিংশ শতাব্দির প্রথম ভাগে বাংলা ভাষায় অন্যতম প্রধান সাময়িক পত্রিকা ছিলো সবুজ পত্র। প্রমথ চৌধুরীর সম্পাদনায় এটি প্রকাশিত হতো। এর প্রথম প্রকাশ বাংলা ১৩২১ সালে (ইংরেজি: ১৯১৪ খ্রি.)।

প্রশ্ন ১৭: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সংবিধানের কত অনুচ্ছেদ অনুযায়ী গঠিত?

(a) ১৩৬

(b) ১৩৭

(c) ১৩৮

(d) ১৪০

উত্তর: (b) ১৩৭

ব্যাখ্যা: সরকারী কর্ম কমিশন একটি স্বায়ত্তশাসিত সংস্থা যার দায়িত্ব সরকারি চাকরিতে নিয়োগ সংক্রান্ত দায়িত্ব পালন করা। বাংলাদেশের সংবিধানের ১৩৭ অনুচ্ছেদে সরকারী কর্ম কমিশন গঠনের সাংবিধানিক বাধ্যবাধকতা বর্ণিত আছে।

প্রশ্ন ১৮: ১৯৪৮-১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেবে কোন দিনটি পালন করা হতো?

(a) ২৫ শে জানুয়ারি

(b) ১১ই ফেব্রুয়ারি

(c) ১১ ই মার্চ

(d) ২৫ শে এপ্রিল

উত্তর: (c) ১১ ই মার্চ

ব্যখ্যা: (১১ ই মার্চ) সংগ্রাম পরিষদ রাষ্ট্রভাষার ক্ষেত্রে সরকারের ষড়যন্ত্র রোধ করার জন্য সাধারণ ধর্মঘটের ডাক দেয়। ঐ দিন ঢাকায় বহুছাত্র আহত এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ অনেকে গ্রেফতার হন। এজন্য ১৯৪৮-১৯৫২ এর ভাষা আন্দোলনের সময়কালে প্রতি বছর ১১ ই মার্চ ভাষা দিবস হিসাবে পালন করা হতো।

প্রশ্ন ১৯: বাংলাদেশের জাতীয় আয়ে কোন খাতে প্রবৃদ্ধির হার সবচেয়ে বেশি?

- (a) কৃষি ও বনজ
- (b) মৎস্য
- (c) শিল্প
- (d) স্বাস্থ্য ও সামাজিক সেবা

উত্তর: (c) শিল্প

ব্যখ্যা: অর্থনৈতিক সমীক্ষা ২০২০ অনুযায়ী, বাংলাদেশের জিডিপি'র প্রবৃদ্ধি হার-
কৃষি : ৩.১১%; শিল্প: ৬.৪৮%; এবং সেবা: ৫.৩২%।

প্রশ্ন ২০: ১৯৭১ সালে মুজিবনগর সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকার নাম ছিল-

- (a) জয় বাংলা
- (b) বাংলাদেশ
- (c) স্বাধীনতা
- (d) মুক্তির ডাক

উত্তর: (a) জয় বাংলা

ব্যখ্যা: জয়বাংলা, সাপ্তাহিক ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর থেকে প্রকাশিত বাংলাদেশ আওয়ামী লীগের বাংলা সাপ্তাহিক মুখ্যপত্র। পত্রিকাটি মূলত ছিল মুজিবনগরে প্রবাসী বাংলাদেশ সরকারের একটি প্রচার মাধ্যম। এর লক্ষ্য ছিল একদিকে মুক্তিযুদ্ধের অগ্রগতি ও মুক্তিযোদ্ধাদের কৃতিত্ব জনসম্মুখে তুলে ধরা এবং অন্যদিকে বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্বপক্ষে বিশ্বজনমত সৃষ্টি ও আন্তর্জাতিক সমর্থন লাভ।

প্রশ্ন ২১: ভারতে বছরের কোন দিনটি সিভিল সার্ভিস দিবস (Civil Service Day) হিসেবে পালিত হয়?

- (a) ২১ এপ্রিল
- (b) ২ অক্টোবর
- (c) ২৬ জানুয়ারি
- (d) ১০ মে

উত্তর: (a) ২১ এপ্রিল

ব্যখ্যা: প্রতিবছর ২১শে এপ্রিল ভারতে সিভিল সার্ভিস দিবস পালন করা হয়। ১৯৪৭ সালে ভারতের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লভ ভাই প্যাটেল নবাগত প্রশাসনিক কর্মকর্তাদেরকে ভারতের মেরুদণ্ড হিসেবে উল্লেখ করেন। ২০০৬ সালের ২১ এপ্রিল দিল্লির বিজ্ঞান ভবনে প্রথম সিভিল সার্ভিস দিবস পালন করা হয়।

প্রশ্ন ২২: প্রতিবছর কোন তারিখে বাংলাদেশ জাতীয় জনসংখ্যা দিবস পালন করা হয়?

- (a) ২ ফেব্রুয়ারি
- (b) ৮ ফেব্রুয়ারি

(c) ৮ মার্চ

(d) ৭ এপ্রিল

উত্তর: (a) ২ ফেব্রুয়ারি

ব্যাখ্যা: বাংলাদেশে প্রতিবছর ২ ফেব্রুয়ারি ‘জাতীয় জনসংখ্যা দিবস’ পালন করা হয়।
উল্লেখ্য বিশ্ব জনসংখ্যা দিবস ১১ জুলাই পালিত হয়।

প্রশ্ন ২৩: ‘বাবা’ কোন ভাষার অন্তর্গত শব্দ?

(a) তৎসম

(b) তদ্ভদ

(c) ফারসী

(d) তুর্কি

উত্তর: (৩d) তুর্কি

ব্যাখ্যা: ‘বাবা’ শব্দটি তুর্কি ভাষার অন্তর্ভুক্ত। কয়েকটি উল্লেখযোগ্য তুর্কি শব্দ-
উজবুক, কোর্মা, তোশক, বেগম, কুরনিশ, কুলি ইত্যাদি। উল্লেখযোগ্য অন্যান্য শব্দ:
তৎসম- কার্ঘ, বৎস, হস্ত, গৃহ ইত্যাদি। তদ্ভদ- কাজ, চামার, ভাত, হাত ইত্যাদি। ফারসি-
আইন, আজাদ, আমদানি, দরিয়া, ফরিয়াদ ইত্যাদি।

প্রশ্ন ২৪: ১৯৭১ সালে ‘The Concert for Bangladesh’ কোথায় অনুষ্ঠিত হয়?

(a) চট্টগ্রাম

(b) কলকাতা

(c) লন্ডন

(d) নিউইয়র্ক

উত্তর: (d) নিউইয়র্ক

ব্যাখ্যা: 'The Concert for Bangladesh' ছিল ১ আগস্ট ১৯৭১ সালের রবিবার ২.৩০ এবং ৮.০০ অপরাহ্নে নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কোয়ার গার্ডেনে প্রায় ৪০,০০০ দর্শকের উপস্থিতিতে অনুষ্ঠিত, সাবেক বিটলস সঙ্গীতদলের লিড গিটারবাদক জর্জ হ্যারিসন এবং ভারতীয় সেতারবাদক রবিশঙ্কর কর্তৃক সংগঠিত দুটি বেনিফিট কনসার্ট।

প্রশ্ন ২৫: ঢাকা গেইট এর নির্মাতা কে?

(a) শায়েস্তা খাঁ

(b) নবাব আবদুল গণি

(c) লর্ড কার্জন

(d) মীর জুমলা

উত্তর: (d) মীর জুমলা

ব্যাখ্যা: ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার একটি ঐতিহাসিক মুঘল স্থাপনা ঢাকা গেইট। এটি নির্মাণ করেন মীর জুমলা। ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার কার্জন হল ছাড়িয়ে দোয়েল চত্বর হয়ে বাংলা একাডেমি যেতে গেইটটি চোখে পড়ে।

প্রশ্ন ২৬: মুক্তিযুদ্ধভিত্তিক নভেল কোনটি?

(a) ক্রীতদাসের হাসি

(b) জীবন ও রাজনৈতিক বাস্তবতা

(c) কান্নাপর্ব

(d) প্রদোষে প্রাকৃতজন

উত্তর: (b) জীবন ও রাজনৈতিক বাস্তবতা

ব্যাখ্যা: 'জীবন ও রাজনৈতিক বাস্তবতা' বাঙালি লেখক শহীদুল জহির রচিত বাংলা উপন্যাস। এটি ১৯৮৮ সালের ফেব্রুয়ারিতে মাওলা ব্রাদার্স থেকে প্রকাশিত জহিরের প্রথম উপন্যাস। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে রচিত এটি একটি নাতিদীর্ঘ উপন্যাস।

প্রশ্ন ২৭: Sustainable Development Goals (SDG) কয়টি?

(a) ১৩টি

(b) ১৫টি

(c) ১৭টি

(d) ৩১টি

উত্তর: (c) ১৭টি

ব্যাখ্যা: ২০১২ সালে ব্রাজিলের রিওডিজেনিরোতে অনুষ্ঠিত জাতিসংঘের টেকসই উন্নয়ন সম্মেলনে SDG ধারণা প্রতিষ্ঠিত হয়। যা ২৫ সেপ্টেম্বর ২০১৫ UNGA-এর ৭০/১ রেজুল্যুশন নাম্বার অনুযায়ী অনুমোদিত হয়। SDG-এর স্কের কিপার জাতিসংঘের মানব উন্নয়ন সংস্থা UNDP। এতে ১৭টি লক্ষ্যমাত্রা এবং ১৬৯টি সহযোগী লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়। ১. দারিদ্র্য বিমোচন ২. ক্ষুধা মুক্তি ৩. সু স্বাস্থ্য ৪. মানসম্মত শিক্ষা ৫. লিঙ্গ সমতা ৬. সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ৭. নবায়নযোগ্য ও ব্যয়সাধ্য জ্বালানি ৮. কর্মসংস্থান ও অর্থনীতি ৯. উদ্ভাবন ও উন্নত অবকাঠামো ১০. বৈষম্য হ্রাস ১১. টেকসই নগর ও সম্প্রদায় ১২. পরিমিত ভোগ ১৩. জলবায়ু বিষয়ে পদক্ষেপ ১৪. টেকসই মহাসাগর ১৫. ভূমির টেকসই ব্যবহার ১৬. শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান ১৭. টেকসই উন্নয়নের জন্য অংশীদারত্ব

প্রশ্ন ২৮: শুদ্ধ বাক্য নয় কোনটি?

- (a) বিদ্বান হলেও তার কোনো অহংকার নেই
- (b) ইশা! যদি পাখির মত পাখা পেতাম
- (c) অকারণে ঋণ করিও না
- (d) হয়তো সোহমা আসতে পারে

উত্তর: (c) অকারণে ঋণ করিও না

ব্যাখ্যা: এখানে শুদ্ধ বাক্য নয় → ‘অকারণে ঋণ করিওনা’। কারণ বাক্যটি গুরুচণ্ডালী (সাধু-চলিত মিশ্রণ) দোষে দুষ্ট হয়েছে। বাক্যটির শুদ্ধরূপ → অকারণে ঋণ কর না।
অপর তিনটি বাক্য শুদ্ধ।

প্রশ্ন ২৯: একটি চৌবাচ্চায় ৮০০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির দৈর্ঘ্য ২.৫৬ মিটার এবং প্রস্থ ১.২৫ মিটার। চৌবাচ্চাটির গভীরতা কত?

- (a) ১.৫ মিটার
- (b) ২.৫ মিটার
- (c) ৩ মিটার
- (d) ৩.৫ মিটার

উত্তর: (b) ২.৫ মিটার

ব্যাখ্যা:

প্রশ্ন ৩০: The word “flying” in the sentence “Look at the flying bird” is a:

(a) gerund

(b) participle

(c) verbal noun

(d) gerundial infinitive

উত্তর: (b) participle

ব্যাখ্যা: কোনো sentence-এ verb- এর যে form একই সঙ্গে verb এবং adjective -এর কাজ করে, তাকে Participle বলে। এখানে flying শব্দটি noun bird কে modify করেছে তাই এটি participle.

প্রশ্ন ৩১: বাক্যের দুটি অংশ থাকে-

(a) প্রসাদগুণ, মাধুর্যগুণ

(b) উপমা, অলংকার

(c) উদ্দেশ্য, বিধেয়

(d) সাধু, চলিত

উত্তর: (c) উদ্দেশ্য, বিধেয়

ব্যাখ্যা: প্রতিটি বাক্যে দুটি অংশ থাকে। যথা: ১. উদ্দেশ্য, ২. বিধেয়। বাক্যের যে অংশ কাউকে উদ্দেশ্য করে কিছু বলা হয়, তাকে উদ্দেশ্য এবং উদ্দেশ্য সম্বন্ধে যা বলা হয়, তাকে বিধেয় বলে। যেমন: খোকা এখন (উদ্দেশ্য) বই পড়ছে (বিধেয়)।

প্রশ্ন ৩২: Identify the determiner in the sentence “Bring me that book”

(a) bring

(b) me

(c) that

(d) book

উত্তর: (c) that

ব্যাখ্যা: Noun কে নির্দিষ্ট করতে determiner ব্যবহৃত হয়। এখানে book কে that নির্দিষ্ট করেছে। এছাড়া সাধারণত determiner 'Noun' এর আগে বসে।

প্রশ্ন ৩৩ : কোন তারিখে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের উপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা পুনরায় আরোপ করে?

(a) ২০ আগস্ট ২০২০

(b) ১৯ সেপ্টেম্বর ২০২০

(c) ১৮ অক্টোবর ২০২০

(d) ১৫ জুলাই ২০২০

উত্তর: (c) ১৮ অক্টোবর ২০২০

ব্যাখ্যা: আগস্ট ২০২০ ট্রাম্প প্রশাসন ইরানের উপরে অস্ত্র নিষেধাজ্ঞা বাড়ানোর চেষ্টা করে ব্যর্থ হয়। ২৫ আগস্ট, ২০২০ জাতিসংঘ নিরাপত্তা পরিষদ ইরানের উপর নিষেধাজ্ঞা আরোপের চেষ্টা আটকে দেয়। ২০ সেপ্টেম্বর ২০২০ আমেরিকা বলে যে জাতিসংঘের আরোপিত নিষেধাজ্ঞা পুনর্বহাল হয়েছে কিন্তু তা আন্তর্জাতিক সম্প্রদায় এবং ইরান প্রত্যাখান করে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের পারমাণবিক কর্মসূচী, মিশাইল এবং অস্ত্রের উপর নিষেধাজ্ঞা আরোপ করে। ৮ অক্টোবর ২০২০ আমেরিকা

পুনরায় ইরানের ১৮টি ব্যাংকের উপর নিষেধাজ্ঞা আরোপ করে। যা ১৮ অক্টোবর থেকে কার্যকর বলে ধরে নেওয়া হয়।

প্রশ্ন ৩৪: নিচের ধারার শেষ সংখ্যা কত? ৩, ৯, ২৭, ৮১

(a) ২৪১

(b) ২৪৩

(c) ২৪৫

(d) ২৪৭

উত্তর: (b) ২৪৩

ব্যাখ্যা: ধারাটি ৩ এর গুণিতক আকারে বৃদ্ধি পেয়েছে। সে অনুযায়ী উত্তর হবে $৮১ \times ৩ = ২৪৩$ ।

প্রশ্ন ৩৫: Global Vaccine Summit অনুষ্ঠিত হয়-

(a) ৫ মে ২০২০

(b) ৪ জুন ২০২০

(c) ৬ জুলাই ২০২০

(d) ৮ আগস্ট ২০২০

উত্তর: (b) ৪ জুন ২০২০

ব্যাখ্যা: Global Vaccine Summit (Gavi) ২০২০ সালের ৪ জুন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হয়। এতে ৩১ জন সরকার এবং ৮টি বেসরকারি সংস্থা, কর্পোরেশন এবং দাতব্য সংস্থা

থেকে ৮.৮ বিলিয়ন ডলার সংগ্রহ করা হয় ৩০০ মিলিয়ন শিশুকে টিকা প্রদান এবং বৈশ্বিক করোনার বিরুদ্ধে লড়াইয়ের জন্য।

প্রশ্ন ৩৬: WIPO এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

- (a) জেনেভা
- (b) রোম
- (c) নিউইয়র্ক
- (d) ওয়াশিংটন ডিসি

উত্তর: (a) জেনেভা

ব্যখ্যা: জাতিসংঘের মেধা সংরক্ষণ সংস্থা (WIPO), শরণার্থী সংস্থা (UNHCR), অভিবাসী সংস্থা (IOM), শ্রম সংস্থা (ILO), তার সংস্থা (ITU), বাণিজ্য সংস্থা (WTO), বাণিজ্য সম্প্রসারণ ও উন্নয়ন সংস্থা (UNCTAD), আবহাওয়া সংস্থা (WMO) ও মানবাধিকার পরিষদের (UNHRC) সদর দপ্তর-জেনেভায়। রোম- আন্তর্জাতিক কৃষি উন্নয়ন সংস্থা (IFAD), বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা (FAO), বিশ্ব খাদ্য সংস্থা (WFP)। নিউইয়র্ক- জাতিসংঘ উন্নয়ন প্রোগ্রাম (UNDP), জাতিসংঘ মহিলা সংস্থা (UN Women), নারীর প্রতি বৈষম্য বিলোপ সংস্থা (CEDAW), জাতিসংঘ নারী উন্নয়ন সংস্থা (UNIFEM), জাতিসংঘ শিশু সংস্থা (UNICEF), জাতিসংঘ জনসংখ্যা সংস্থা (UNFPA).

প্রশ্ন ৩৭: “A Passage to India” is written by:

- (a) E.M. Forster
- (b) Nirad C. Chaudhuri
- (c) Rudyard Kipling

(d) Walt Whitman

উত্তর: (a) E.M. Forster

ব্যখ্যা: 'A passage to India' novel is based on Forster's experiences in India.

প্রশ্ন ৩৮: বঙ্গবন্ধু কত সালে এবং কোন শহরে জোট নিরপেক্ষ আন্দোলনের শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন?

(a) ১৯৭২, কায়রো

(b) ১৯৭৪, নয়াদিল্লী

(c) ১৯৭৫, বেলগ্রেড

(d) ১৯৭৩, আলজিয়ার্স

উত্তর: (d) ১৯৭৩, আলজিয়ার্স

ব্যখ্যা: ১৯৭৩ সালের ৫ থেকে ৯ই সেপ্টেম্বর আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে অনুষ্ঠিত হয় জোটনিরপেক্ষ আন্দোলন-ন্যামের চতুর্থ শীর্ষ সম্মেলন। এতে প্রথমবারের মত যোগ দেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

প্রশ্ন ৩৯: বাংলাদেশের ছয় ঋতুর সঠিক অনুক্রম কোনটি?

(a) গ্রীষ্ম, বর্ষা, বসন্ত, হেমন্ত, শীত ও শরৎ

(b) বর্ষা, শরৎ, হেমন্ত, শীত, বসন্ত ও গ্রীষ্ম

(c) শরৎ, হেমন্ত, শীত, বসন্ত, গ্রীষ্ম ও বর্ষা

(d) গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত

উত্তর: (d) গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত

ব্যখ্যা: বাংলাদেশের ছয় ঋতুর সঠিক অনুক্রম হলো গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত।

প্রশ্ন ৪০: ডিসেম্বর ২০২০ এ অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে কয়টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়?

(a) ৩টি

(b) ৫টি

(c) ৭টি

(d) ৯টি

উত্তর: (c) ৭টি

ব্যখ্যা: ১৭ ডিসেম্বর, ২০২০ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মধ্যে ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। দুই শীর্ষ নেতার আলোচনার ঘণ্টা দুয়েক আগে ঢাকায় দুই দেশের মধ্যে একটি চুক্তি, চারটি সমঝোতা স্মারক (MoU), একটি প্রটোকল ও একটি Terms of Reference (ToR) সহ মোট ৭টি (MoU) স্বাক্ষরিত হয়। চুক্তি : কমিউনিটি উন্নয়ন প্রকল্পের জন্য কাঠামো। সমঝোতা স্মারক : ০ হাইড্রোক্যার্বন বিষয়ে সহযোগিতা ০ বরিশাল সিটি কর্পোরেশনে আবর্জনা/কঠিন বর্জ্য নিষ্কাশন ০ কৃষিখাতে সহযোগিতা ০ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর ও ভারতের জাতীয় জাদুঘরের মধ্যে সহযোগিতা। প্রটোকল: সীমান্তবর্তী এলাকায় হাতি সুরক্ষা ToR: বেসরকারি খাতের প্রধান নির্বাহী কর্মকর্তাদের ফোরাম (CEO) গঠন। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভার্চুয়াল শীর্ষ সম্মেলন শেষে ৩৯ দফা যৌথ ঘোষণা দেয়া হয়।

প্রশ্ন ৪১: $\log_x 19 = -2$ হলে x এর মান কোনটি?

(a) 3

(b) 2

(c) 13

(d) -13

উত্তর: (a) 3

ব্যাখ্যা:

প্রশ্ন ৪২: কার্টাগেনা প্রটোকল কোন সালে স্বাক্ষরিত হয়?

(a) ২০০০ সালে

(b) ২০০১ সালে

(c) ২০০৩ সালে

(d) ২০০৫ সালে

উত্তর: (a) ২০০০ সালে

ব্যাখ্যা: কার্টাগেনা প্রটোকল হলো জৈব নিরাপত্তা বিষয়ক প্রটোকল। এর উদ্দেশ্য হলো জৈব জ্বালানি সংরক্ষণ। এটি ২০০০ সালে কানাডার মন্ট্রিলে স্বাক্ষরিত হয় এবং ২০০৩ সাল থেকে কার্যকর হয়।

প্রশ্ন ৪৩: 'কিন্তুনখোলা' নাটকটির বিষয়-

(a) যন্ত্রণাদক্ষ শহরজীবন

(b) স্নিফ-শ্যামল প্রকৃতির রূপ

(c) লোকায়ত জীবন-সংস্কৃতি

(d) দেশবিভাগজনিত জীবন যন্ত্রণা

উত্তর: (c) লোকায়ত জীবন-সংস্কৃতি

ব্যাখ্যা: নাট্যাচার্য সেলিম আল দীন রচিত 'কিতুনখোলা' নাটকটির বিষয়বস্তু লোকায়ত জীবন-সংস্কৃতি।

প্রশ্ন ৪৪: কোনটি "Bretton Woods Institutions" এর অন্তর্ভুক্ত?

(a) IDB

(b) IMF

(c) WTO

(d) ADB

উত্তর: (b) IMF

ব্যাখ্যা: ১৯৪৪ সালের জুলাই মাসে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যের ব্রিটনউডস শহরে সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে ৪৪টি দেশের ৭৩০ জন প্রতিনিধি অংশ নেয়। এ সম্মেলনে IMF, IBRD গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এজন্য IMF ও World Bank -কে 'Bretton Woods Institutions' বলা হয়।

প্রশ্ন ৪৫: টাকার ৩টি এবং টাকায় ৫টি দরে সমান সংখ্যক আমলকি ক্রয় করে এক ব্যক্তি টাকায় ৪টি করে আমলকি বিক্রয় করলেন। ঐ ব্যক্তির শতকরা কত লাভ বা ক্ষতি হলো তা নির্ণয় করুন।

(a) ৪.২৫% লাভ

(b) ৫.২৫% ক্ষতি

(c) ৬.২৫% ক্ষতি

(d) ৭.২৫% ভাল

উত্তর: (c) ৬.২৫% ক্ষতি

ব্যখ্যা:

প্রশ্ন ৪৬: সম্প্রতি (সেপ্টেম্বর ২০২০) কোন অঞ্চলের নিয়ন্ত্রণ নিয়ে আজারবাইজান ও আর্মেনিয়ার মাঝে সংঘর্ষ হয়?

(a) আর্টসাথ প্রজাতন্ত্র

(b) নাগার্নো-কারাবাখ

(c) ইয়েরেভান

(d) নাকার্চভান ছিটমহল

উত্তর: (b) নাগার্নো-কারাবাখ

ব্যখ্যা: দক্ষিণ ককেশাসের বিতর্কিত অঞ্চল নাগার্নো-কারাবাখ। অঞ্চলটি নিয়ে প্রতিবেশী দুই দেশ আজারবাইজান ও আর্মেনিয়ার বিরোধ অনেক পুরোনো। নাগার্নো-কারাবাখ অঞ্চলটি আন্তর্জাতিকভাবে আজারবাইজানের স্বীকৃত হলেও ১৯৯০ সাল থেকে আর্মেনিয়ো বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী এটিকে দখল করে রাখে। সর্বশেষ ২৭ সেপ্টেম্বর ২০২০ থেকে ছয় সপ্তাহের সর্বাঙ্গিক যুদ্ধে জড়িয়ে পড়ে দেশ দুটি। এরপর ৯ নভেম্বর ২০২০ রাশিয়ার মধ্যস্থতায় আজারবাইজান ও আর্মেনিয়ার মধ্যে স্বাক্ষরিত হয় শান্তিচুক্তি।

প্রশ্ন ৪৭ : উদ্বাসন শব্দের অর্থ কী?

(a) বাসভূমি থেকে বিতাড়িত হওয়া

(b) বাসভূমির সম্মুখস্থ ভূমি

(c) অজ্ঞাত বিষয় প্রকাশ করা

(d) বিকাশ

উত্তর: (a) বাসভূমি থেকে বিতাড়িত হওয়া

ব্যাখ্যা:

প্রশ্ন ৪৮: $x^2 - 3x - 10 > 0$ অসমতাটির সমাধান কোনটি

(a) $(-\infty, -1) \cup (4, +\infty)$

(b) $(-\infty, -2) \cup (5, +\infty)$

(c) $(\infty, 2) \cup (5, +\infty)$

(d) $(-5, -\infty) \cup (\infty, 2)$

উত্তর: (b) $(-\infty, -2) \cup (5, +\infty)$

ব্যাখ্যা:

প্রশ্ন ৪৯: What is the meaning of musk?

(a) a form of drama

(b) a face cover

(c) a substance used making perfume

(d) a disguise

উত্তর: (c) a substance used making perfume

ব্যখ্যা: Musk অর্থ কস্তুরি। এটি সুগন্ধি তৈরিতে ব্যবহৃত হয়।

প্রশ্ন ৫০: $\sec A + \tan A = 52$ হলে $\sec A - \tan A = ?$

(a) 12

(b) 15

(c) 25

(d) 52

উত্তর: (c) 25

ব্যখ্যা:

প্রশ্ন ৫১: বাংলা আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিলেন?

(a) বাংলা

(b) সংস্কৃত

(c) হিন্দি

(d) অস্ট্রিক

উত্তর: (d) অস্ট্রিক

ব্যাখ্যা: সমগ্র বাঙালি জনগোষ্ঠীকে দুইভাগে ভাগ করা যায়। যথা- প্রাক-আর্য (অনার্য) জনগোষ্ঠী এবং আর্য জনগোষ্ঠী। আর্যপূর্ব জনগোষ্ঠী মূলত নেগ্রিটো, অস্ট্রিক, দ্রাবিড় ও ভোটচীনিয় এই চারটি শাখায় বিভক্ত ছিল। বাংলার আদি জনপদগুলোর ভাষা ছিল অস্ট্রিক।

প্রশ্ন ৫২: বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র কোনটি?

- (a) হাতিয়া প্রণালী
- (b) জাফোর্ড পয়েন্ট
- (c) সাঙ্গু ভ্যালি
- (d) মাতারবাড়ি

উত্তর: (c) সাঙ্গু ভ্যালি

ব্যাখ্যা: সাঙ্গু গ্যাসক্ষেত্র বাংলাদেশের একটি প্রাকৃতিক গ্যাসক্ষেত্র। এটি বাংলাদেশের একমাত্র সামুদ্রিক গ্যাসক্ষেত্র যা বর্তমানে পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে।

প্রশ্ন ৫৩: ব্রিটিশ কৃষি বিপ্লব কখন সংঘটিত হয়েছিল?

- (a) ঊনবিংশ শতাব্দীতে
- (b) অষ্টাদশ শতাব্দীতে
- (c) ষোড়শ শতাব্দীতে
- (d) চতুর্দশ শতাব্দীতে

উত্তর: (b) অষ্টাদশ শতাব্দীতে

ব্যাখ্যা: ব্রিটিশ কৃষি বিপ্লব বা দ্বিতীয় কৃষি বিপ্লব সংঘটিত হয়েছিল সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে এবং ঊনবিংশ শতাব্দীর শেষ দিকে। ১৭৭০ সালে কৃষি উৎপাদন বৃদ্ধি জনসংখ্যা বৃদ্ধির চেয়ে বহুগুণে বৃদ্ধি পেয়েছিল। এবং তাদের উৎপাদন ক্ষমতা সারা পৃথিবীর মধ্যে সর্বাধিক ছিল। কৃষিতে উৎপাদন বৃদ্ধি কৃষি কাজে শ্রমিকদের অংশগ্রহণ হ্রাস তরান্বিত করেছিল। যার ফলে শিল্প বিপ্লব সংঘটিত হয়েছিল।

প্রশ্ন ৫৪: গ্রীন হাউস গ্যাসসমূহ নিঃসরণ নিয়ন্ত্রণ সংক্রান্ত চুক্তি “The Kyoto Protocol” জাতিসংঘ কর্তৃক কত সালে গৃহীত হয়?

(a) ১৯৯৭

(b) ১৯৯৯

(c) ২০০৩

(d) ২০০৫

উত্তর: (a) ১৯৯৭

ব্যাখ্যা: জাপানের প্রাচীন রাজধানী কিয়াটোতে ১৯৯৭ সালের ১১ ডিসেম্বর অনুষ্ঠিত হয় কিয়াটো প্রটোকল। কিয়াটো প্রটোকল গ্রিন হাউজ গ্যাস নিঃসরণের ভিত্তিতে বিশ্বের দেশগুলোকে ৩ শ্রেণিতে ভাগ করা হয়। • Annex-I, • Annex-II এবং • Non-Annex Countries. কিয়াটো প্রটোকল গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর জন্য বিশেষ করে Annex-I দেশগুলোর উপর বিশেষ বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে। এর বর্তমান সদস্য ১৯২টি।

প্রশ্ন ৫৫: মহাকবি আলাওল রচিত কাব্য-

(a) চন্দ্রাবতী

(b) পদ্মাবতী

(c) মধুমালতী

(d) লাইলী মজনু

উত্তর: (b) পদ্মাবতী

ব্যখ্যা:

প্রশ্ন ৫৬: 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটির স্থপতি কে?

(a) হামিদুজ্জামান খান

(b) রবিউল হুসাইন

(c) আব্দুর রাজ্জাক

(d) নিতুন কুণ্ডু

উত্তর: (d) নিতুন কুণ্ডু

ব্যখ্যা: 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত। এর স্থপতি নিতুন কুণ্ডু।

প্রশ্ন ৫৭: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' প্রথম প্রকাশিত হয় কত সালে?

(a) ২০১০

(b) ২০১১

(c) ২০১২

(d) ২০১৫

উত্তর: (c) ২০১২

ব্যাখ্যা: ‘অসমাপ্ত আত্মজীবনী’ শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী সংকলন। ২০১২ সালের জুনে এ বইটি প্রকাশিত হয়। এ পর্যন্ত ক্রমান্বয়ে ইংরেজি, উর্দু, জাপানি, চীনা, আরবি, ফরাসি, হিন্দি, তুর্কি, নেপালি, স্পেনীয়, অসমীয়া ও রুশ ভাষায় বইটির অনুবাদ প্রকাশিত হয়েছে।

প্রশ্ন ৫৮: কৃষিক্ষেত্রে রবি মৌসুম কোনটি?

(a) কার্তিক-ফাল্গুন

(b) চৈত্র-বৈশাখ

(c) ভাদ্র-অগ্রহায়ণ

(d) শ্রাবণ-আশ্বিন

উত্তর: (a) কার্তিক-ফাল্গুন

ব্যাখ্যা: কৃষিক্ষেত্রে রবি মৌসুম বলতে (১৬ অক্টোবর থেকে ১৫ মার্চ) কার্তিক-ফাল্গুন মাসকে বোঝায়। ফুলকপি, বাঁধাকপি, মুলা, গাজর, লাউ, শিম, টমেটো ইত্যাদি রবি মৌসুমের উল্লেখযোগ্য ফসল।

প্রশ্ন ৫৯: অনুকম্পা শব্দের ইংরেজি কোনটি?

(a) Clemency

(b) Enthral

(c) Erudition

(d) Fathom

উত্তর: (a) Clemency

ব্যখ্যা: clemency (noun) কোমলতা, অনুকম্পা। অন্যান্য শব্দার্থ হলো- Enthral- দাসত্বে আবদ্ধ করা Erudition- পাণ্ডিত্য Fathom- অনুধাবন করা, গভীরতা নির্ণয় করা।

প্রশ্ন ৬০: ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড় কত?

(a) ২৫

(b) ৩০

(c) ৩৫

(d) ৪৯

উত্তর: (a) ২৫

ব্যখ্যা:

প্রশ্ন ৬১: আপনার মোবাইল ফোনের মাসিক বিল এসেছে ৪২০ টাকা। যদি ১ বছর পর ১০% বৃদ্ধি পায় এবং আরো ৬ মাস পর ২০% বৃদ্ধি পায়, তাহলে ১৮ মাস পর আপনার বিল কত হবে?

(a) ৪৬০.২০ টাকা

(b) ৫৫৪.৪০ টাকা

(c) ৬২০.৬০ টাকা

(d) ৭৩০.৮০ টাকা

উত্তর: (b) ৫৫৪.৪০ টাকা

ব্যাখ্যা:

প্রশ্ন ৬২: বাংলাদেশের বর্তমান সভাপতির পূর্বে কোন দেশ CVF-এর সভাপতি ছিল?

(a) মার্শাল আইল্যান্ড

(b) মালদ্বীপ

(c) গ্রানাডা

(d) বাহামা

উত্তর: (a) মার্শাল আইল্যান্ড

ব্যাখ্যা: বাংলাদেশ ২০২০-২০২২ সালের জন্য Climate Vulnerable Forum এর চেয়ারপারসন হিসেবে মনোনিত হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনা CVF এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। বাংলাদেশের পূর্বে ইথিওপিয়া এবং মার্শাল আইল্যান্ড CVF এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে।

প্রশ্ন ৬৩: Identify the correctly spelled one:

(a) Caesarean

(b) caesarean

(c) ciserian

(d) scissorian

উত্তর: (a) Caesarean

ব্যখ্যা:

প্রশ্ন ৬৪: কোথায় শেনজেন (Schengen) চুক্তি স্বাক্ষরিত হয়?

- (a) ১৯৯৫ সালে ডেনমার্ক
- (b) ১৯৮৪ সালে বেলজিয়ামে
- (c) ১৯৮৫ সালে লুক্সেমবার্গে
- (d) ১৯৯৬ সালে হাঙ্গেরিতে

উত্তর: (c) ১৯৮৫ সালে লুক্সেমবার্গে

ব্যখ্যা: ১৯৮৫ সালে লুক্সেমবার্গের শেনজেন শহরে ইউরোপীয় ইউনিয়নে ভিসামুক্ত প্রবেশের জন্য একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এটি শেনজেন চুক্তি নামে পরিচিত। মোট স্বাক্ষরকারী দেশ ২৬টি। এটি কার্যকর হয় ১৯৯৫ সাল থেকে।

প্রশ্ন ৬৫: 'Notification'-এর বাংলা পরিভাষা কোনটি?

- (a) বিজ্ঞাপন
- (b) বিজ্ঞপ্তি
- (c) বিজ্ঞপ্তি ফলক
- (d) প্রজ্ঞাপন

উত্তর: (d) প্রজ্ঞাপন

ব্যখ্যা: Notification শব্দের বাঙলা পরিভাষা হলো- প্রজ্ঞাপন। অন্যান্য শব্দ:
Circular- বিজ্ঞপ্তি, Advertisement- বিজ্ঞাপন।

প্রশ্ন ৬৬: কোনটি যমুনার উপনদী?

- (a) তিস্তা
- (b) ধলেশ্বরী
- (c) খোয়াই
- (d) বংশী

উত্তর: (a) তিস্তা

ব্যখ্যা: যমুনা নদীর সর্বাধিক প্রস্থ ১২০০০ মিটার (আরিচা) যমুনার প্রধান উপনদী গুলো হল তিস্তা, ধরলা, করতোয়া, আত্রাই, সুবর্ণশ্রী। করতোয়া যমুনার দীর্ঘতম এবং বৃহত্তম উপনদী। যমুনার শাখা নদী, ধলেশ্বরী।

প্রশ্ন ৬৭: What is the function of a topic sentence?

- (a) to introduce the topic
- (b) to analyse the topic
- (c) to present the main idea
- (d) to expand the idea

উত্তর: (c) to present the main idea

ব্যাখ্যা: Topic Sentence paragraph এর main idea কে summarize করে উপস্থাপন করে। Paragraph এর প্রথম বাক্যই Topic Sentence হয়ে থাকে।

প্রশ্ন ৬৮: নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র?

- (a) ধীরে বহে মেঘনা
- (b) কলমিলতা
- (c) আবার তোরা মানুষ হ
- (d) হুলিয়া

উত্তর: (d) হুলিয়া

ব্যাখ্যা:

প্রশ্ন ৬৯: এক বর্গক্ষেত্রের এক বাহু অপূর একটি বর্গক্ষেত্রের পরিসীমার সমান হলে বর্গক্ষেত্র দুটির কর্ণের অনুপাত কত হবে?

- (a) 1 : 2
- (b) 5 : 2
- (c) 2 : 1
- (d) 4 : 1

উত্তর: (d) 4 : 1

ব্যাখ্যা:

প্রশ্ন ৭০: মধ্যপদলোপী কর্মধারয় সমাস কোনটি?

(a) সিংহ চিহ্নিত আসন = সিংহাসন

(b) মহান যে পুরুষ = মহাপুরুষ

(c) কুসুমের মতো কোমল = কুসুমকোমল

(d) জায়া ও পতি = দম্পতি

উত্তর: (a) সিংহ চিহ্নিত আসন = সিংহাসন

ব্যাখ্যা: সিংহ চিহ্নিত আসন = সিংহাসন (মধ্যপদলোপী কর্মধারয়)। মহান যে পুরুষ = মহাপুরুষ (কর্মধারয়)। কুসুমের মতো কোমল = কুসুমকোমল (উপমান কর্মধারয়)। জায়া ও পতি = দম্পতি (সম্বন্ধবাচক দ্বন্দ্ব)।

প্রশ্ন ৭১: কোনটি শুদ্ধ নয়?

(a) যন্ত্রনা

(b) শূদ্র

(c) সহযোগিতা

(d) স্বতঃস্ফূর্ত

উত্তর: (a) যন্ত্রনা

ব্যাখ্যা: যন্ত্রনা অশুদ্ধ শব্দের শুদ্ধরূপ- যন্ত্রণা। এছাড়াও অন্যান্য শুদ্ধ শব্দ – শূদ্র, সহযোগিতা, স্বতঃস্ফূর্ত।

প্রশ্ন ৭২: Who wrote Dr. Zivago?

- (a) Maxim Gorky
- (b) Boris Pastornak
- (c) Fyodor Dostoevsky
- (d) Leo Tolstoy

উত্তর: (b) Boris Pastornak

ব্যাখ্যা: Dr. Zivago লিখেছেন Boris Pasternak. Dr. Zivago এর রচনাকাল ১৯৫৭। ১৯০৫ সালের রাশিয়ান বিপ্লব এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের মধ্যে সংঘটিত একটি উপন্যাস। USSR প্রকাশের জন্য Dr. Zivago প্রত্যাখ্যান করা হয়েছিল, কিন্তু পাণ্ডুলিপিটি প্রকাশের জন্য ইতালিতে পাচার করা হয়েছিল। Boris Pasternak ১৯৫৮ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছিলেন।

প্রশ্ন ৭৩: Would you please find out Bangladesh ---- the map.

- (a) in
- (b) on
- (c) over
- (d) at

উত্তর: (b) on

ব্যাখ্যা: ম্যাপে অনুসন্ধানের ক্ষেত্রে Preposition 'on' বসে।

প্রশ্ন ৭৪: কোন দেশটি সম্প্রতি ইসরাইলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেছে?

(a) সৌদিআরব

(b) কুয়েত

(c) সংযুক্ত আরব আমিরাত

(d) ওমান

উত্তর: (c) সংযুক্ত আরব আমিরাত

ব্যাখ্যা: ১৫ সেপ্টেম্বর ২০২০ সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন এবং ইসরাইলের মধ্যে ঐতিহাসিক আব্রাহাম অ্যাকর্ডস স্বাক্ষরিত হয়। যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর মধ্যস্থতায় এ চুক্তি স্বাক্ষরিত হয়। এর দ্বারা তৃতীয় ও চতুর্থ আরব দেশ হিসেবে সংযুক্ত আরব আমিরাত ও বাহরাইন, ইসরাইলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে। সম্প্রতি মরক্কো এবং সুদানও ইসরাইলের সাথে সম্পর্ক স্বাভাবিক করার ঘোষণা দিয়েছে।

প্রশ্ন ৭৫: 'যিনি ন্যায়শাস্ত্র জানেন' এর এককথায় প্রকাশিত রূপ হলো-

(a) ন্যায়বাগীশ

(b) নৈয়ায়িক

(c) ন্যায়পাল

(d) ন্যায়ঋদ্ধ

উত্তর: (b) নৈয়ায়িক

ব্যাখ্যা: যিনি ন্যায়শাস্ত্র জানেন- এর এককথায় প্রকাশিত রূপ হলো- নৈয়ায়িক।
ন্যায়পাল: সুইডিশ ভাষায় Ombudsman বা ন্যায়পাল বলতে এমন একজন সরকারি মুখপাত্র বা প্রতিনিধি কিংবা সরকারি কর্মকর্তাকে বুঝায় যিনি সরকারি কর্তৃপক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করেন।

প্রশ্ন ৭৬: Hasan has read most of the ---- of Shakespeare:

- (a) poem
- (b) play
- (c) drama
- (d) works

উত্তর: (d) works

ব্যাখ্যা: এখানে Most of the ব্যবহৃত হওয়ায় plural word (works) হবে।

প্রশ্ন ৭৭: “For God’s sake, hold your tongue and let me love” occurs in a novel by:

- (a) Jane Austen
- (b) Syed Waliullah
- (c) Somerset Maugham
- (d) Rabindranath Tagore

উত্তর: (d) Rabindranath Tagore

ব্যাখ্যা: শেষের কবিতা উপন্যাসের রবীন্দ্রনাথ John Donne এই চরণটি উল্লেখ করেছেন। (“For God’s Sake hold your tongue and let me love” – The cononization, John Donne) “দোহাই তোদের, একটুকু চুপ কর, ভালবাসিবারে দে মোরে অবসর” – শেষের কবিতা রবীন্দ্রনাথ ঠাকুর।

প্রশ্ন ৭৮: বাংলাদেশে প্রধান বীজ উৎপাদনকারী সরকারী প্রতিষ্ঠান-

- (a) BARI
- (b) BRRI
- (c) BADC
- (d) BINA

উত্তর: (c) BADC

ব্যখ্যা: BARI- এর পূর্ণরূপ Bangladesh Agricultural Research Institute। এটি দেশের বৃহত্তম বহুবিধ ফসল গবেষণা প্রতিষ্ঠান। BINA (Bangladesh Institute of Nuclear Agriculture) বাংলাদেশের একটি পরমাণু কৃষি গবেষণা প্রতিষ্ঠান। BRRI (Bangladesh Rice Research Institute) ধান গবেষণা প্রতিষ্ঠান। আর BADC (Bangladesh Agricultural Development Corporation) বাংলাদেশে উচ্চ ফলনশীল বিভিন্ন ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ বৃদ্ধি করা, সেচ প্রযুক্তি উন্নয়ন, ভূ-পরিষ্ক পানির সর্বোত্তম ব্যবহার ও মানসম্পন্ন সার সরবরাহ করে।

প্রশ্ন ৭৯: Complete the sentence: If I were you, I ---- take the money:

- (a) shall
- (b) will
- (c) would
- (d) may

উত্তর: (c) would

ব্যাখ্যা: Second Conditional এ 'if'- clause এরপর past simple tense ব্যবহার করা হলে এবং তারপর main clause -এ 'would/could/should/might' ইত্যাদি ব্যবহৃত হয়।

প্রশ্ন ৮০: রাষ্ট্রভাষা আন্দোলনে কোন সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?

- (a) তমদুন মজলিস
- (b) ভাষা পরিষদ
- (c) মাতৃভাষা পরিষদ
- (d) আমরা বাঙালি

উত্তর: (a) তমদুন মজলিস

ব্যাখ্যা: তমদুন মজলিস ১৯৪৭ সালে আবুল কাসেম কর্তৃক প্রতিষ্ঠিত বাংলাদেশের (তৎকালীন পূর্ব পাকিস্তান) একটি সাংস্কৃতিক সংগঠন। পাকিস্তান প্রতিষ্ঠার পর প্রথম বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে দাবি তুলে তমদুন মজলিস বাংলা ভাষা আন্দোলন শুরু করে।

প্রশ্ন ৮১: 'উলুবনে মুক্তা ছড়ানো' প্রচলিত এমন শব্দগুচ্ছকে বলে-

- (a) প্রবাদ-প্রবচন
- (b) এককথায় প্রকাশ
- (c) ভাবসম্প্রসারণ
- (d) বাক্য সংকোচন

উত্তর: (a) প্রবাদ-প্রবচন

ব্যাখ্যা: উলুবনে মুক্ত ছড়ানো প্রচলিত এমন শব্দগুচ্ছকে বলা হয় প্রবাদ-প্রবচন। যার ইংরেজি – To cast pearls before swine.

প্রশ্ন ৮২: কৃষ্টি শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয়-

(a) কৃষ্+তি

(b) কৃষ্+টি

(c) কৃ+ইষ্টি

(d) কৃষ্+ইষ্টি

উত্তর: (a) কৃষ্+তি

ব্যাখ্যা: কৃষ্টি শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয়: কৃষ্ + তি ; অনুরূপভাবে, সৃজ + তি = সৃষ্টি, দৃশ + তি = দৃষ্টি।

প্রশ্ন ৮৩: Go and catch the falling star. Here the “falling” is-

(a) an adverb

(b) a preposition

(c) an adjective

(d) a verb

উত্তর: (c) an adjective

ব্যখ্যা: যে সব শব্দ Word Noun বা Pronoun এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে তাকে Adjective বলা হয়। Falling শব্দটি noun star এর পূর্বে বসে noun কে modify করায় এটি Adjective.


প্রশ্ন ৮৪: এক ব্যক্তি ব্যাংকে ৫১০ টাকার চেক দিয়ে ২০ টাকার এবং ৫০ টাকার নোট প্রদানের জন্য অনুরোধ করলেন। কত প্রকারে তার অনুরোধ রক্ষা করা সম্ভব?

- (a) ৩ প্রকারে
- (b) ৪ প্রকারে
- (c) ৬ প্রকারে
- (d) ৫ প্রকারে

উত্তর: (d) ৫ প্রকারে

ব্যখ্যা:

প্রশ্ন ৮৫: অংশগুলি জোড়া দিলে কোন অংশ হবে?



উত্তর: (b)

প্রশ্ন ৮৬: Fill in the gap with the correct form of verb : The plice --- informed yesterday:

(a) is

(b) are

(c) was

(d) were

উত্তর: (d) were

ব্যাখ্যা: Sentence টি passive form এ আছে। এই বাক্যের subject The police হলো plural subject। এর কারণে were হবে।

প্রশ্ন ৮৭: বঙ্গভঙ্গের ফলে কোন নতুন প্রদেশ সৃষ্টি হয়েছিল?

- (a) পূর্ববঙ্গ
- (b) পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা
- (c) পূর্ববঙ্গ ও পশ্চিমবঙ্গ
- (d) পূর্ববঙ্গ ও আসাম

উত্তর: (d) পূর্ববঙ্গ ও আসাম

ব্যাখ্যা: পূর্ববঙ্গ ও আসাম ছিল ব্রিটিশ ভারতের একটি স্বল্পকাল স্থায়ী প্রদেশ। ১৯০৫ সালে বঙ্গভঙ্গের পর এই প্রদেশ গঠিত হয়।

প্রশ্ন ৮৮: “Giving someone the cold should” means-

- (a) to torture somebody
- (b) to harm someone
- (c) to appreciate someone
- (d) to ignore somebody

উত্তর: (d) to ignore somebody

ব্যাখ্যা: কারো কে এড়িয়ে চলা অর্থে Giving someone the cold shoulder ব্যবহৃত হয়।

প্রশ্ন ৮৯: “আমার জ্বর জ্বর লাগছে”- জ্বর জ্বর শব্দ দুটি অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে বলে-

- (a) দ্বিরুক্ত শব্দ
- (b) সমার্থক শব্দ
- (c) যুগ্মশব্দ
- (d) শব্দদ্বিত্ব

উত্তর: (a) দ্বিরুক্ত শব্দ

ব্যাখ্যা: আমার জ্বর জ্বর লাগছে- এখানে জ্বর জ্বর শব্দ দুটির অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে দ্বিরুক্ত শব্দ বলা হয়। যেমন: সামান্য বোঝাতে- আমি জ্বর জ্বর বোধ করছি; এখানে জ্বর জ্বর দ্বারা পদের দ্বিরুক্তির প্রয়োগ ঘটেছে।

প্রশ্ন ৯০: মানুষের দেহের যে সব অঙ্গ-প্রত্যঙ্গ ধ্বনি তৈরিতে সহায়তা করে তাকে বলে?

- (a) বাক প্রত্যঙ্গ
- (b) অঙ্গধ্বনি
- (c) স্বরতন্ত্রী
- (d) নাসিকাতন্ত্র

উত্তর: (a) বাক প্রত্যঙ্গ

ব্যাখ্যা: মানুষের দেহের যে সব অঙ্গ-প্রত্যঙ্গ ধ্বনি তৈরীতে সহায়তা করে তাকে বাক প্রত্যঙ্গ বলা হয়। কারণ ধ্বনির সৃষ্টি হয় বাগযন্ত্রের দ্বারা। গলনালি, মুখবিবর, কণ্ঠ, জিহ্বা, তালু, দাঁত, নাক ইত্যাদি বাক প্রত্যঙ্গকে এক কথায় বলে বাগযন্ত্র।

প্রশ্ন ৯১: কোন সাহিত্যকর্মে সাক্ষ্যভাষার প্রয়োগ আছে?

- (a) পদাবলী
- (b) গীতগোবিন্দ
- (c) চর্যাপদ
- (d) চৈতন্যজীবনী

উত্তর: (c) চর্যাপদ

ব্যাখ্যা: বাংলা সাহিত্যের প্রাচীন কবিতা চর্যার পদগুলো সাক্ষ্য বা সাক্ষ্য ভাষায় রচিত। যে ভাষা সুনির্দিষ্ট রূপ পায়নি, যে ভাষার অর্থও একাধিক অর্থাৎ আলো-আঁধারের মতো, সে ভাষাকে পণ্ডিতগণ সাক্ষ্য বা সাক্ষ্য ভাষা বলেছেন।

প্রশ্ন ৯২: মুক্তিযুদ্ধ জাদুঘর কত সালে প্রতিষ্ঠিত হয়?

- (a) ১৯৯৬
- (b) ১৯৯৮
- (c) ২০০০
- (d) ২০০৮

উত্তর: (a) ১৯৯৬

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধ জাদুঘর মুক্তিযুদ্ধ-ভিত্তিক জাদুঘর। এটি ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত। বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত এই জাদুঘরের উদ্বোধন হয় ১৯৯৬ সালের ২২ শে মার্চ। মুক্তিযুদ্ধের অনেক দুর্লভ বস্তু আছে এই জাদুঘরে।

প্রশ্ন ৯৩: আধুনিক মেধাভিত্তিক সিভিল সার্ভিস এর উন্মেষ ঘটে কোন দেশ হতে?

- (a) যুক্তরাজ্য
- (b) যুক্তরাষ্ট্র
- (c) চীন
- (d) ভারত

উত্তর: (c) চীন

ব্যাখ্যা: আধুনিক মেধাভিত্তিক সিভিল সার্ভিস এর উন্মেষ ঘটে প্রাচীন চীন সম্রাজ্যে। তাঁরই প্রথম পরীক্ষার মাধ্যমে যোগ্য প্রার্থীকে বেছে নেয়ার পদ্ধতি চালু করে। সুই সাম্রাজ্য (৫৮১ থেকে ৬১৮) মেধার ভিত্তিতে আমলাদের নির্বাচিত করার পদ্ধতি চালু করে।

প্রশ্ন ৯৪: “September on the Jessore Road” is written by:

- (a) Madhusudan Dutt
- (b) Allen Ginsberg
- (c) Kaiser Huq
- (d) Vikram Seth

উত্তর: (b) Allen Ginsberg

ব্যাখ্যা: September on the Jessore Road মুক্তিযুদ্ধের সময় আমেরিকান কবি Allen Ginsberg এর রচিত একটি গীতিকবিতা। এটি ১৫২ লাইনের একটি গীতি কবিতা।

প্রশ্ন ৯৫: ঐহিক এর বিপরীতার্থক শব্দ কোনটি?

- (a) ঈদৃশ
- (b) পারত্রিক
- (c) মাঙ্গলিক
- (d) আকস্মিক

উত্তর: (b) পারত্রিক

ব্যাখ্যা:

<u>মূল শব্দ</u>	<u>বিপরীত শব্দ</u>
ঐহিক	পারত্রিক
ঈদৃশ	তাদৃশ
আকস্মিক	চিরন্তন স্থায়ী

প্রশ্ন ৯৬: Liza had given me two:

- (a) pair of jean

(b) pairs of jean

(c) pair of jeans

(d) pairs of jeans

উত্তর: (c) pair of jeans

ব্যখ্যা: Pair শব্দটির Singular এবং plural একই।

প্রশ্ন ৯৭: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের খসড়া সর্বপ্রথম গণপরিষদে ১৯৭২ সালের কোন তারিখে উত্থাপিত হয়?

(a) ১১ নভেম্বর

(b) ১২ অক্টোবর

(c) ১৬ ডিসেম্বর

(d) ৩ মার্চ

উত্তর: (b) ১২ অক্টোবর

ব্যখ্যা: ১৯৭২ সালের ১২ অক্টোবর তৎকালীন আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী ড. কামাল হোসেন ১৫৩টি অনুচ্ছেদ সম্বলিত ৭২ পৃষ্ঠার খসড়া সংবিধানটি বিল আকারে গণপরিষদের সামনে পেশ করেন।

প্রশ্ন ৯৮: অধিত্যকা এর বিপরীতার্থক শব্দ কোনটি?

(a) উপত্যকা

(b) ধিত্যকা

(c) পাবৰ্ভত্ৰ

(d) সততল

উত্তর: (a) উপত্ৰকা

ব্ৰাখ্ৰা:

<u>তুল শব্দ</u>	<u>বিতরীত শব্দ</u>
অধিত্ৰকা	উপত্ৰকা
পাবৰ্ভত্ৰ	সততল

প্রশ্ন ৯৯: নিচের প্রশ্নবোধক স্থানে কোনটি বসবে? 15A,G21,28N,??

(a) 54N

(b) T19

(c) L52

(d) V36

উত্তর: (d) V36

ব্ৰাখ্ৰা:

$$\frac{15}{A} \quad \frac{G}{21} \quad \frac{28}{N} \quad ?$$

এখানে $A(1) + 6 = G(7)$

$$G(7) + 7 = N(14)$$

$$\therefore N(14) + 8 = V(22)$$

আবার, $15 + 6 = 21$

$$21 + 7 = 28$$

$$28 + 8 = 36$$

এখানে, সংখ্যা ও বর্গ 6,7,8 করে বৃদ্ধি পেয়েছে।

প্রশ্ন ১০০: বৃত্তের ব্যাস চারগুণ বৃদ্ধি পেলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

(a) 8

(b) ৮

(c) ১২

(d) ১৬

উত্তর: (d) ১৬

ব্যাখ্যা:

বৃত্তের ব্যাস $2r$ হলে, ব্যাসার্ধ $= r$ এবং

$$\text{ক্ষেত্রফল} = \pi r^2$$

\therefore বৃত্তের ব্যাস চারগুণ বৃদ্ধি পেলে,

ব্যাস হবে $(8 \times 2r) = 8r$ এবং ব্যাসার্ধ $= 8r$

\therefore পরিবর্তিত বৃত্তের ক্ষেত্রফল $= \pi (8r)^2$

$$= 16\pi r^2$$

$$= 16 \times \text{মূল বৃত্তের ক্ষেত্রফল}$$

আমাদের কথাঃ সঠিক উত্তর হবে ১৬ গুণ। যেটি অপশনে নেই।

প্রশ্নে যদি বলা থাকতো বৃত্তের ব্যাস চারগুণ হলে ক্ষেত্রফল কত গুণ হবে তাহলে উত্তর হতো ১৬ গুণ।

বৃত্তের ব্যাস $2r$ হলে, ব্যাসার্ধ $= r$ এবং

$$\text{ক্ষেত্রফল} = \pi r^2$$

\therefore বৃত্তের ব্যাস চারগুণ বৃদ্ধি পেলে,

ব্যাস হবে $(8 \times 2r) = 8r$ এবং ব্যাসার্ধ $= 8r$

\therefore নতুন ব্যাসার্ধ $= r + 8r = 9r$

\therefore নতুন ক্ষেত্রফল $= \pi (9r)^2 = 81\pi r^2$

\therefore ক্ষেত্রফল বৃদ্ধি $= 81\pi r^2 - \pi r^2$

$$= 80\pi r^2$$

$80 \times$ মূল বৃত্তের ক্ষেত্রফল